গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১।

নং-১০.০০.০০০০.১২৫.০১১.০০১.১২-৬৫৮ তারিখ-২৮/১১/২০১৩খ্রিঃ।

**বিষয়ঃ- ৬ষ্ঠ বিজেএস বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসে পরীক্ষার মাধ্যমে যোগদানকৃত ১২৪ জন সহকারী জজগণ-কে ম্যাজিস্ট্রেসীতে প্রশিক্ষণ গ্রহণ প্রসঙ্গে।**

সূত্রঃ অত্র বিভগের ১০/১০/২০১৩খ্রিঃ তারিখে ১০.০০.০০০০.১২৫.০১১.০০১.১২-৫০৪ নম্বর বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের ধারাবাহিকতায় জানানো যাচেছ যে, ৬ষ্ঠ বিজেএস পরীক্ষার মাধ্যমে নিয়োগপ্রাপ্ত ১২৪ জন সহকারী জজ কে বিভিন্ন জেলায় নিয়োগ করা হয়েছে। সংশ্লিষ্ট সহকারী জজগণ গত ২৪/১০/২০১৩খ্রিঃ তারিখ হতে ৯০ দিন বিভিন্ন দেওয়ানী আদালতে শিক্ষানবিশ হিসেবে প্রশিক্ষণরত আছেন। ডিসেম্বর/১৩ মাসে দেওয়ানী আদালতের অবকাশকালীন সময়ে সংশ্লিষ্ট শিক্ষানবিস সহকারী জজগণ-কে সুপ্রীম কোর্টের পরামর্শের প্রেক্ষিতে সরকার ম্যাজিস্ট্রেসীতে প্রশিক্ষণ গ্রহণের জন্য সিদ্ধান্ত গ্রহণ করেছে।
এক্ষণে প্রশিক্ষণরত সহকারী জজগণ-কে ম্যাজিস্ট্রেসীতে প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে নির্দেশক্রমে সংশ্লিষ্ট চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-কে অনুরোধ করা হলো।

বিষয়টি সংশ্লিষ্ট শিক্ষানবিশ সহকারী জজগণ-কে অবহিত করতে সংশ্লিষ্ট জেলা জজ-কে অনুরোধ করা হলো।

২৮/১১/২০১৩

(মোহাম্মদ জহিরুল কবির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৪৩১(অঃ)।

**কার্যার্থেঃ-**

১। জেলা জজ,-------------------সকল।
২। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,----------------------সকল।
৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।